



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বরঃ ৯৩/২০২৪

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩১
০৩ জুলাই ২০২৪

৫টি ব্যাংকে 'অফিসার (ক্যাশ)/অফিসার (টেলর)' (Job ID-10203) এর
২০২২ সাল ভিত্তিক ৭৮৭টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ
পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ৫টি ব্যাংকে 'অফিসার (ক্যাশ)/অফিসার (টেলর)' (Job ID-10203) এর
২০২২ সাল ভিত্তিক ৭৮৭টি (সোনালী ব্যাংক পিএলসি-৫৩৫টি, জনতা ব্যাংক পিএলসি-৫০টি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক
পিএলসি-৪টি, বাংলাদেশ কৃষি ব্যাংক-১৫৯টি, প্রবাসী কল্যাণ ব্যাংক-৩৯টি) শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ
পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র
বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ২৬/০৭/২০২৪ তারিখের মধ্যে শুধুমাত্র উপর্যুক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র
সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ এবং সময়সূচি পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে
(<https://erecruitment.bb.org.bd>) এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না। এ বিষয়ে যে কোন
প্রয়োজনে প্রার্থীদের info.bsccs@bb.org.bd ই-মেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত
(মোঃ কাওছার মতিন)
পরিচালক (বিএসসিএস)
ও
সদস্য-সচিব, বিএসসি।